দর্শনায় রাষ্ট্রপতির পদত্যাগ ও ছাত্রলীগ নিষিদ্ধের দাবিতে বিক্ষোভ মিছিল

দর্শনায় বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের আয়োজনে রাষ্ট্রপতির পদত্যাগ ও ছাত্রলীগের নিষিদ্ধের দাবিতে বিক্ষোভ মিছিল ও গনজামায়েত অনুষ্টিত হয়েছে।

আজ মঙ্গলবার বিকাল সাড়ে ৪ টার দিকে দর্শনা রেলবাজার শাহারিয়ার শুভ মুক্ত মঞ্চ থেকে এ গনজামায়েত ও মিছিলটি বের হয়।

এ মিছিলে ছাত্রলীগ নিষিদ্ধ ও ফ্যাসিটদের দোসোর রাষ্টপতি সাহাবুদ্দিন চুপ্পুর পদত্যাগের দাবিতে বিপ্লবি ছাত্র-জনতার উদ্দ্যগে গন জামায়েত ও বিক্ষোভ মিছিলটি বের হয়।

মিছিলটি দর্শনার প্রধান প্রধান সড়ক প্রদক্ষিন শেষে দর্শনা বাসষ্ট্যান্ড চৌরাস্তার মোড়ে এক পথ সভায় বক্তরা বলেন, অবিলম্বে ছাত্রলীগ নিষিদ্ধ ও ফ্যাসিবাদের দোসোর রাষ্টপতি সাহাবুদ্দিন চুপ্পুর পদত্যাগ না করা পর্যন্ত এ আন্দোলন চলবে। বর্তমান সরকারের সময় ফ্যাসিবাদী সরকারের দোসর ও ছাত্রলীগ বিভিন্ন অপতৎপরতা চালানো চেষ্টা করছে।আমরা ছাত্র জনতা সজাগ থেকে যে কোন ষড়যন্ত্র প্রতিহত করবো। সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনা দেশের বাইরে থেকে দেশ বিরোধী নানা ষড়যন্ত্র করার চেষ্টা করছে সেদিকে খেয়াল রাখতে হবে। ছাত্রজনতাকে সজাগ থাকার আহব্বান জানান।

এ সময় বক্তব্য রাখেন দর্শনা থানা জামায়েতের সেক্রেটারি মাহবুবুর রহমান টুকু, বৈষম্য বিরোধী ছাত্র জনতা আন্দোলনের সমন্বয়ক রিফাত রহমান, তানভীর অনিক। আর অনুষ্ঠানটি পরিচালনা করেন ছাত্র আন্দোলন শিক্ষার্থী নাঈম ফেরদৌস।

“ভাবি ও বোনকে হত্যার দায়ে ভাইয়ের ফাঁসি দাবি করলেন ঘাতকের বোন”

গাংনী মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক জাকিউল ইলমার হত্যাকারী ওহিদুলের দ্রুত বিচার ও দৃষ্টান্তমুলক শাস্তির দাবিতে মানববন্ধন ও প্রতিবাদ সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

আজ সোমবার (১৪ অক্টোবর) সকাল সাড়ে ১০ টার সময় গাংনী উপজেলা পরিষদ চত্তরে এই মানববন্ধন কর্মসূচি পালন করে বাংলাদেশ প্রাথমিক শিক্ষক সমিতি গাংনী উপজেলা শাখা।

গাংনী উপজেলা প্রাথমিক শিক্ষক সমিতির উপজেলা শাখার সভাপতি পলাশীপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আক্তারুজ্জামান বকুলের সভাপতিত্বে অনুষ্ঠিত মানববন্ধনে প্রধান অতিথির বক্তব্য রাখেন মেহেরপুর জেলা প্রাথমিক শিক্ষক সমিতির সভাপতি হাফিজুর রহমান বকুল।

বক্তব্য রাখেন, গাংনী উপজেলা প্রাথমিক শিক্ষক সমিতির নির্বাহী সভাপতি ও এবাদৎখানা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক কাওছার আলী, ধানখোলা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মকবুল হোসেন, নওদাহোগলবাড়িয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক রহিদুল ইসলাম, খড়মপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক সাইদুল ইসলাম, নিহত শিক্ষক জাকিউল ইসলামার মামা ফেরদৌস আহম্মেদ, ঘাতক ওহিদের বড় বোন বুলবুলি খাতুন, নিহত ইলমার ছোট ভাই ত্বোহা, বড়বামন্দী সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারি শিক্ষক হাসানুজ্জামান হাসান, সহড়াতলা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক আবু হেনা মোস্তফা কামাল, গাংনী মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক ও নিহত ইলমার সহকর্মী মুক্তা খাতুন, হাড়িয়াদহ সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক লাবনী আক্তার প্রমুখ।

মানববন্ধনে বক্তারা বলেন, ঘাতক মহিবুল ইসলাম ওহিদের দ্রুত বিচার ও সর্ব্বোচ্চ শাস্তির দাবি জানান।

ঘাতক মহিবুল ইসলাম ওহিদের বোন তার অপর বোন ও ভাবিকে হত্যার

দায়ে আপন ভাই মহিবুল ইসলাম ওহিদের ফাঁশি দাবি করেন। শিক্ষকদের আয়োজন মানববন্ধনে বক্তব্য রাখতে গিয়ে তিনি এদাবি করেন। তিনি বলেন, ঘাতক আমার ছোট ভাই। আমি তারপরও তার সর্ব্বোচ্চ শাস্তি দাবি করছি।

নিহত ইলমা গাংনী মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক।

উল্লেখ্য, গত শনিবার (১২ অক্টোবর) বেলা সাড়ে ১১ টার সময় পৈত্রিক সম্পত্তির ভাগাভাগি ও পুকুরে মাছ ছাড়ার প্রস্তুতিকালে মহিবুল ইসলাম ওহিদ তার বোন জোছনা খাতুন, মেঝো ভাই জাহিদ হোসেন, তার স্ত্রী জাকিউল ইলমা ও ছোট বোন শামীমা খাতুনকে রামদা দিয়ে এলাপাতাড়ি কোপাতে থাকে। ঘটনাস্থলেই জাকিউল ইলমা ও জোছনা খাতুন নিহত হন। গুরুতর আহত হন ভাই জাহিদ হোসেন ও অপরা বোন শামীমা খাতুন।

ঘাতক মহিবুল ইসলাম ওহিদ সানঘাট গ্রামের দাড়ের পাড়া এলাকার আব্দুল আজিজের ছেলে ও স্থানীয় এসজিও সানঘাট পল্লী উন্নয়ন সংস্থার নির্বাহী পরিচালক।

হত্যাকন্ড ঘটিয়ে ঘাতক মহিবুল ইসলাম ওহিদ রক্তমাখা শরীরে মাঠ দিয়ে পালিয়ে যাওয়ার সময় আমঝুপি এলাকা থেকে ডিবি ও গাংনী থানা পুলিশের যৌথ অভিযানে আটক হন। বর্তমানে সে পুলিশী প্রহারায় মেহেরপুর ২৫০ শয্য বিশিষ্ট জেনারেল হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন।

জানা গেছে,, পৈতৃকি সম্পত্তি নিয়ে ভাই বোনদের মধ্যে দীর্ঘদিন যাবৎ মামলা মোকদ্দমা চলে আসছিলো। আজ সকালে নিহত জোছনা খাতুন অপর বোন শামীমা খাতুন পিতার ১ একর ২৭ শতক জমির পুকুরে মাছ ছাড়তে এসেছিলেন। সকালে সবাই মিলে বাড়িতে মিমাংসায় বসেছিলেন। মিমাংসার এক পর্যায় বোন জোছনা খাতুন, শামীমা খাতুন, মেঝো ভাই জাহিদ ও তার স্ত্রী জাকিউল ইলমা পুকুরে মাছ ছাড়তে যান। এসময় মহিবুল ইসলাম ওহিদ ধারাল রামদা দিয়ে তাদের একের পর এক কোপাতে থাকেন। এতে ঘটনাস্থলেই নিহত হন বোন জোছনা খাতুন ও ভাইয়ের স্ত্রী গাংনী মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক (বরখাস্ত) জাকিউল ইলমা। এসময় গুরুতর আহত হন অপর বোন শামীমা খাতুন ও ভাই জাহিদ হোসেন।

ঘাতক মহিবুল ইসলাম ওহিদ সানঘাট পল্লী উন্নয়ন সংস্থা নামের একটি সংস্থার নির্বাহী পরিচালক ও সানঘাট গ্রামের আব্দুল আজিজের ছেলে।

[redacted]

[redacted]

করেছি। কিন্তু এবার আমার কার্ড বাতিল করেছে। আমি এর প্রতিবাদে মানববন্ধনে দাঁড়িয়েছি।

সেই সাথে ব্রিটিশ টোব্যাকো কোম্পানির ডিভিশনাল কর্মকর্তা আসিফ সাহেবের কাছে বিচার দাবী করেছেন ।
ব্রিটিশ টোব্যাকো কোম্পানির রিজনের প্রবীণ তামাক চাষী মানিক বলেন, তামাক বিক্রয়ের কার্ড প্রতিহিংসা পরায়ন হয়ে বাতিল করার প্রতিবাদে আমাদের এই মানববন্ধন কর্মসৃচি। উপরোক্ত কর্মকর্তার দ্বারা আমরা কৃষকরা লাঞ্ছিত হয়েছি।

কিছু অসাধু ব্যবসায়ীরা উপরোক্ত কর্মকর্তাদের সাথে জড়িত থাকায় আমরা কৃষকরা ক্ষতিগ্রস্থ হয়েছি।
প্রকৃত কৃষকদের কার্ড কেটে দেওয়ার বিষয়টি তদন্ত করে আইনগত ব্যবস্থা নেওয়ার দাবি করছি। একই সাথে আমাদের কার্ড তালিকাভুক্ত করার দাবী জানাচ্ছি।

মানববন্ধনে উপস্থিত ছিলেন, কালি গাংনী গ্রামের লিফ রিজনের তামাক চাষী রমজান আলী,আখের আলী, সাকের আলী, ইমারুল ইসলাম, সোহেল হোসেন, রিপন আলী, জিয়ারুল ইসলাম, পিকলু, আশরাফুল ইসলাম, আলামিন হোসেনসহ অনেকে।

এ ব্যাপারে মেহেরপুর ব্রিটিশ টোব্যাকো কোম্পানির (আর এম) হাসিবুর রহমানের সাথে মোবাইল ফোনে যোগাযোগ করা হলে তিনি মোবাইল ফোন রিসিভ না করায় মন্তব্য লেখা সম্ভব হয়নি।

জীবননগরে নিখোঁজের স্কুল শিক্ষকের সন্ধান পেতে মানববন্ধন

চুয়াডাঙ্গার জীবননগর পৌর কিন্ডার গার্টেন স্কুলের শিক্ষক ৪দিন যাবৎ নিখোজ সন্ধান পেতে শিক্ষক শিক্ষাথীদের মানববন্ধন।

আজ বৃহস্পতিবার বিকাল ৫টার সময় জীবননগর পৌর কিন্ডার গার্টেন

স্কুলের আয়োজনে জীবননগর বাসষ্ট্রান্ডে এ মানববন্ধন অনুষ্ঠিত হয়।

নিখোঁজ স্কুল শিক্ষক সুজন হোসেন (৩১) জীবননগর উপজেলার সীমান্ত ইউনিয়নের হাবিবপুর গ্রামের আব্দুল খালেকের ছেলে। এ ঘটনায় নিখোঁজ স্কুল শিক্ষকের বড় ভাই জীবননগর থানায় একটি সাধারন ডায়েরী (জিডি)করেছেন।

পারিবারিক সূত্রে জানা যায়, সুজন হোসেন দীর্ঘ ১৩ বছর ধরে জীবননগর শহরে থাকেন।এবং গোপালনগরে ৯ বছর ধরে বাসা ভাড়া করে থাকেন। কিন্তু কোনদিন কারো সাথে কোন ঝামেলা হয়েছে এমন কথা কখনও শুনতে পাইনি। সুজন জীবননগর পৌর কিন্ডার গার্টেন স্কুলে শিক্ষকতা করেন এর পাশাপাশি টিউশনি করান। আর ছাত্রদের নিয়ে মাঝে মাঝে খেলাধুলা করতেন। হঠাৎ শুনি তাকে খুজে পাওয়া যাচ্ছে না। তার স্কুলের শিক্ষকরা তাকে খুজে না পেয়ে গ্রামের বাসায় আসে। তারপর জানতে পারি সুজন নিখোজ রয়েছে। পরিবারের সবাই খোজাখুজি করেও তার কোন সন্ধান পাচ্ছি না।

সুজনের ভাগ্নে রানা বলেন, গত রবিবার (৬ অক্টোবর) বিকালে স্কুল থেকে তিনি বাসায় ফেরেন, খাবারের জন্য রাইস কুকারে ভাত রান্নায় বসিয়ে ছিলেন। ঘরের ভিতরে তার একটি নষ্ট ও সচল মোবাইল চার্জে পাওয়া যায় তবে মোবাইল দুটোর একটাও সিম ছিলোনা। পরিচিত সকলের মাধ্যমে খোঁজাখুঁজির পর কোথাও তার সন্ধান না পেয়ে পরে বিষয়টি পুলিশকে জানানো হয়। গত বুধবার সকালে একজন মোবাইলে কল করে জানান, তাকে ঢাকায় রক্তাক্ত অবস্থায় পাওয়া গেছে। আমরা গাড়ি নিয়ে যাওয়ার প্রস্তুতি নিচ্ছি। এর মধ্যে তিনি আবার ফোন দিয়ে রক্তের গ্রুপ জেনে নিলেন, কিছুক্ষন পর জুরুরি চিকিৎসা বাবদ টাকা দাবি করেন বিষয়টি পুলিশকে জানানোর পর থেকে তাদের মোবাইল বন্ধ পাচ্ছি।

জীবননগর পৌর কিন্ডার গার্টেন স্কুলের প্রধান শিক্ষক মোঃ আলাউদ্দিন বলেন, গত সোমবার সকালে তিনি স্কুলে যায়নি, মঙ্গলবারও না গেলে তখন স্কুলের শিক্ষকরা তার মোবাইলে যোগাযোগ করেন কিন্তু বন্ধ পাই। শিক্ষকরা তখন সুজনের গ্রামের বাসায় যেয়ে বিষয়টা জানান। ৪দিন পার হয়ে গেলেও এখনও পযন্ত তার কোন সন্ধান পাওয়া যায়নি ।
এদিকে মানববন্ধনে বক্তব্য রাখেন, জীবননগর উপজেলা কিন্ডার গার্টেন অ্যাসোসিয়েশনের সভাপতি মোঃ আঃ মোতালেব, প্রাইড প্রি ক্যাডেট স্কুলের প্রধান শিক্ষক মাসুদ পারভেজ রানা প্রমুখ।

জীবননগর থানার অফিসার ইনচাজ (ওসি) মামুন হোসেন বিশ্বাস বলেন, এই ঘটনায় নিখোঁজের বড় ভাই থানায় একটি সাধারণ ডায়েরি (জিডি) করেছেন। আমরা সকল থানায় বিষয়টি জানিয়ে দিয়েছি। আশা করি খুবই দ্রুত তার সন্ধান পাওয়া যাবে।

মেহেরপুরে বিক্ষোভ সমাবেশ ও মিছিল

ভারতীয় পুরোহিত রামগিরি মহারাজ বিজেপি নেতা নিতেশ নারায়ণ এবং বাংলাদেশের পার্থ বিশ্বাস পিন্টু কর্তৃক মহানবী হযরত মুহাম্মদ (সাঃ) কে নিয়ে কটুক্তি এবং ফিলিস্তিনের গাজা ও লেবাননে ইসরায়েলির বর্বরোচিত হামলার প্রতিবাদে মেহেরপুরে বিক্ষোভ সমাবেশ ও মিছিল অনুষ্ঠিত হয়েছে।

আজ মঙ্গলবার (৮ অক্টোবর) বিকেল ৫ টার দিকে মেহেরপুর জেলা উলামা পরিষদ ও ইমাম পরিষদের আয়োজনে মেহেরপুর শহরের জেলা মডেল মসজিদ চত্ত্বরে থেকে এই মিছিল শুরু হয়।

“রামগিরির দুই গালে জুতা মারো তালে তালে”, “বিশ্ব মুসলিম অস্ত্র ধরো ফিলিস্তিন স্বাধীন করো”, “সাবিলুনা সাবিলুনা আল জিহাদ আল জিহাদ” সহ বিভিন্ন স্লোগানে শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে পৌর সভার সামনে এসে মিছিলটি শেষ হয়। পরে যেখানে বিক্ষোভ সমাবেশ অনুষ্ঠিত হয়।

বিক্ষোভ সমাবেশ ও মিছিলে মেহেরপুর জেলা উলামা পরিষদ ও ইমাম পরিষদের নেতৃবৃন্দ ও বিভিন্ন শ্রেণি পেশার লোকজন অংশগ্রহণ নেয়।

জেলা উলামা পরিষদের সভাপতি হযরত মাও. শফিকুল ইসলামের সভাপতিত্বে বিক্ষোভ সমাবেশে বক্তব্য রাখেন, জেলা ইমাম পরিষদের সাধারণ সম্পাদক মুফতি সাদিকুর রহমান, জেলা উলামা পরিষদের সাধারণ সম্পাদক মুফতি হাফিজুর রহমান, অর্থ সম্পাদক মুফতি আবু বকর, ইসলামী আন্দোলন বাংলাদেশ মেহেরপুর জেলা শাখার সভাপতি মাও. আঃ কাদের প্রমুখ।

সমাবেশে বক্তারা মহানবী হযরত মুহাম্মদ (সাঃ) কে নিয়ে কটুক্তিকারী ভারতের পুরোহিতকে দ্রুত গ্রেপ্তার এবং গাজা ও লেবাননে ইসরায়েলীর বর্বরোচিত হামলার তীব্র নিন্দা জানান। সমাবেশ শেষে মুসলিম জাহানের শান্তি কামনায় বিশেষ দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়।

এ ছাড়াও মাও. ইয়ারুল ইসলাম, মাও. খাইরুল ইসলাম, মাও. জাবের হুসাইন, মাও. গোলাম কিবরিয়া, মাও. মহসিন, মাও. মিনারুল ইসলাম, মাও. ইলিয়াস প্রমুখ উপস্থিত ছিলেন।

ঝিনাইদহের মোবারকগঞ্জ সুগার মিলের শ্রমিক-কর্মচারীদের মানববন্ধন

ঝিনাইদহের মোবারকগঞ্জ সুগার মিলের অস্থায়ী শ্রমিক- কর্মচারীরা চাকুরী স্থায়ীকরনের দাবীতে মানববন্ধন কর্মসূচি পালন করেছে।

আজ মঙ্গলবার (৮ অক্টোবর) সকালে সুগার মিলের প্রশাসনিক ভবনের সামনে এ কর্মসূচি আয়োজন করে সুগার মিলের মৌসুমী শ্রমিক কর্মচারীরা।

এতে ব্যানার ফেস্টুন নিয়ে সুগার মিলে কর্মরত নানা বিভাগের দুই শতাধিক শ্রমিক কর্মচারী অংশ নেয়। ঘন্টা ব্যাপী চলা এই কর্মসূচীতে শ্রমিক নেতা নাজমুল ইসলাম, সাহেব আলী, ইদ্রিস আলী, আমিরুল ইসলাম, আলমগীর হোসেন, মতিয়ার রহমান, শাহার আলীসহ অন্যান্যরা বক্তব্য রাখেন।

সেসময় বক্তারা বলেন, যুগের পর যুগ মোচিকে কাজ করে গেলেও চাকুরী স্থায়ী করেনি কর্তৃপক্ষ। মৌসুমি ভিত্তিক বেতন পেলেও উৎসব, পার্বনে বোনাস পান না তারা। সারা বছরে মাত্র ৩ থেকে ৪ মাস বেতন পান তারা। যে কারণে মিলের ৩ শতাধিক শ্রমিক কর্মচারী মানবেতর জীবনযাপন করছে। তাই তাদের চাকুরী স্থায়ী করনের দাবী জানানো হয় কর্মসূচি থেকে।

দামুড়হুদায় মিথ্যা মামলা প্রত্যাহারের দাবিতে মানববন্ধন

চুয়াডাঙ্গা সদর সহকারী জর্জকোর্টের সেরেস্তাদার নূরুল হকের দায়ের করা মিথ্যা মামলা প্রত্যাহারের দাবিতে মানববন্ধন করেছে দামুড়হুদা উপজেলার চিৎলা, গোবিন্দহুদা ও মুক্তারপুর গ্রামের স্থানীয় ভুক্তভোগীগণ ও এলাকাবাসী।

আজ মঙ্গলবার (০৮ ই অক্টোবর) সকাল ১১টার দিকে উপজেলার দামুড়হুদা- কার্পাসডাঙ্গা সড়কের গোবিন্দহুদা মাধ্যমিক বিদ্যালয়ের পাশে এই মানব বন্ধন করা হয়।

মানববন্ধনে বক্তরা বলেন, নুরুল হক (৫৭) আদালতে চাকুরীর সুবাদে নিজ স্বার্থ সিদ্ধির জন্য ও আওয়ামীলীগের এজেন্ডা বাস্তবায়নে স্থানীয় নেতাদের সাথে আঁতাত করে গত ১৫ বছর যাবৎ ক্ষমতার প্রভাব খাটিয়ে জায়গা জমি দখল, ফসলি জমির মাটি বালু উত্তোলন ও গ্রামের মসজিদ কমিটির তহবিলের ৬ লক্ষ টাকা আটকিয়ে রাখার প্রতিবাদ করায় চিৎলা, গোবিন্দহুদা ও মুক্তারপুর গ্রামের নিরীহ সাধারন মানুষের নামে একের পর এক মিথ্যা মামলা দিয়ে সবাইকে হয়রানি করে আসছে।

এলাকায় তার নাম হয়ে গেছে ভূমিদস্যু ও মামলাবাজ নূরুল হক পেশকার। আমরা ভুক্তভোগীগণ নুরুল হক পেশকারের দায়ের করা মিথ্যা ও হয়রানিমূলক মামলা থেকে মুক্তি পাওয়ার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করছি।

মানববন্ধনের বক্তব্য রাখেন দামুড়হুদা সদর ইউনিয়নের ৫ নম্বর ওয়ার্ড ইউপি সদস্য মতিয়ার রহমান, মাসুদ বিল্লা মন্টু, রিফাত রহমান, খাজা আহাম্মেদ, ওয়াসিম আকরাম, খবির উদ্দিন, ফজিলা খাতুন, রাবেয়া খাতুন প্রমূখ।

এ সময় মানববন্ধনে উপস্থিত ছিলেন মামলায় ভুক্তভোগী ২২ জন আসামি সহ গ্রামের দুই শতাধিক নারী পুরুষ।

[redacted]

[redacted]

[redacted]

[

মানববন্ধন

ঝিনাইদহের কোটচাঁদপুরে সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষকদের যোগ্যতা ও ন্যায্যতার আলোকে ১০ম গ্রেড এবং প্রধান শিক্ষকদের ৯ম গ্রেডে বেতন নির্ধারণের দাবিতে মানবন্ধন পালন করা হয়েছে।

আজ বৃহস্পতিবার (৩ সেপ্টেম্বর) বিকেলে শহরের উপজেলা পরিষদ চত্বরে এ মানববন্ধন করে উপজেলার প্রাথমিক শিক্ষক শিক্ষকারা। মানববন্ধন শেষে উপজেলা নির্বাহী অফিসারের মাধ্যমে প্রধান উপদেষ্টা বরাবর স্মারকলিপি প্রদান করা হয়।

সহকারী শিক্ষক দশম ১০ গ্রেড বাস্তবায়ন সমন্বয় পরিষদের সদস্য রুদ্রপুর প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক মশিউর রহমান সজলের পরিচালনায় মানববন্ধনে বক্তব্যে রাখেন নওদাগ্রাম কাশিপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক কামরুজ্জামান কচি, মানিকদি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক খোন্দকার হাসানুজ্জামান, বালিকা প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক বাবুল আক্তার টোকন, গুড়পাড়া প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক মাহফুজ, বলরামনগর প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক কামরুজ্জামান, বলরামপুর প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক মোজাম্মেল হক শাহীন, তালসার প্রাথমিক বিদ্যালয়ের তবিবুর রহমান, শ্রীরামপুর প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক শওকত আলী মিঠু, রামচন্দ্রপুর প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক সাবানা খাতুন প্রমুখ।এ সময় বক্তারা বলেন, ২০০৯ সাল থেকে আটকে থাকা সহকারী শিক্ষক থেকে প্রধান শিক্ষক পদে পদোন্নতি দ্রুত বাস্তবায়নসহ সহকারী শিক্ষক এন্ট্রিপদ ধরে পরিচালক পর্যন্ত যোগ্যতার ভিত্তিতে শতভাগ পদোন্নতি দিতে হবে। এছাড়া ৮ম পে স্কেলে টাইম স্কেল ও সিলেকশন গ্রেড পুনর্বহাল, প্রতি তিন বছর পর পর স্বয়ংক্রিয়ভাবে শ্রান্তি বিনোদন ভাতা, মাসিক সমন্বয় সভায় সহকারী শিক্ষক প্রতিনিধির উপস্থিত নিশ্চিতসহ মোট ১৪টি দাবি তুলে ধরেন তারা।

ঘন্টাব্যাপি এ মানববন্ধনে উপজেলার ৭৪ টা প্রাথমিক শিক্ষক, শিক্ষার অংশগ্রহণ করেন।

নবী মুহাম্মাদ (সা:) ও ইসলাম সম্পর্কে কটুক্তির প্রতিবাদে ঝিনাইদহে বিক্ষোভ

ভারতে বিশ্ব নবী হযরত মুহাম্মাদ (সা:) ও ইসলাম সম্পর্কে কটুক্তির প্রতিবাদে ঝিনাইদহে বিক্ষোভ ও সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

আজ বৃহস্পতিবার (৩ সেপ্টেম্বর) দুপুরে সাধারণ ছাত্রের ব্যানারে শহরের উজির আলী স্কুল মাঠ থেকে একটি একটি বিক্ষোভ মিছিল বের করা হয়। মিছিলটি শহরের বিভিন্ন সড়ক ঘুরে পায়রা চত্বরে গিয়ে শেষ হয়। পরে সেখানে অনুষ্ঠিত হয় সমাবেশ।

এতে জেলা ছাত্রদলের সভাপতি সমেনুজ্জামান সোমেন, শিক্ষার্থী আশিকুর রহমান, মাওলানা মুফতি মোহাম্মদ জুবায়ের হোসেনসহ অন্যান্যরা বক্তব্য রাখেন।

সমাবেশ থেকে বক্তারা হুশিয়ারি দিয়ে বলেন, বিশ্ব নবীর অপমান বরদাস্ত করা হবে না। এছাড়াও ধর্মীয় অনুভূতিতে আঘাত করায় আন্তর্জাতিক আইনের মাধ্যমে জড়িতদের দৃষ্টান্তমূলক শাস্তির দাবি করেন শিক্ষার্থীরা।